

# সমৰকল্প

## অনিদিষ্টকালের জন্য কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের হল বন্ধ ঘোষণা

প্রকাশ: ০২ অক্টোবর ২২ | ১৬:১৩ | আপডেট: ০২ অক্টোবর ২২ | ২১:১১

### কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা



কুমিল্লা বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

অনিদিষ্টকালের জন্য কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) আবাসিক হলস বন্ধের ঘোষণা দেওয়া হয়েছে। ছাত্রলীগের কমিটি বিলুপ্তিকে কেন্দ্র করে ক্যাম্পাস উত্তপ্তের ঘটনায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ  
রোববার অনলাইনে এক জরুরি সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, ছাত্রদের আজ রোববার সম্ম্যা ৬টা এবং ছাত্রীদের আগামীকাল সোমবার  
সকাল ৯টার মধ্যে হল ছাড়তে হবে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সব আবাসিক হল বন্ধ থাকবে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. আমিরুল হক চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহণ, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত সব ধরনের পরিবহণ প্রবেশও বন্ধ থাকবে।

এদিকে আগামী ৯ অক্টোবর শেষ হচ্ছে চলমান দুর্গাপূজার ছুটি। তবে ছুটি শেষ হবার পরও আগামী ১০ থেকে ১৭ অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব পরীক্ষা স্থগিত রাখারও সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।

তবে ১০ থেকে ১৭ অক্টোবর পর্যন্ত হল বন্ধ রেখে ক্লাস চালানোর বিষয়ে জানতে চাইলে কিছু বলতে রাজি হননি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. আমিরুল হক চৌধুরী।

প্রষ্ঠির (ভারপ্রাপ্ত) কাজী ওমর সিদ্দিকী বলেন, পূজার বন্ধ শেষ হওয়ার আগেই আমরা আরেকটি সভা করব। সেখানে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

এর আগে গতকাল শনিবার বিকেলে শাখা ছাত্রলীগের কমিটি বিলুপ্তিকে কেন্দ্র করে বহিরাগতসহ ক্যাম্পাসে ককটেল ও ফাঁকা গুলি ছোঁড়ে ছাত্রলীগের একটি অংশ। এরপর ‘বর্তমান’ কমিটির নেতা-কর্মীদেরও বিভিন্ন দেশি অস্ত্র নিয়ে ক্যাম্পাসে ঘোরাফেরা করতে দেখা যায়।

---

© সমকাল ২০০৫ - ২০২২

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)